

# উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	মোঃ আজমল হোসেন ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ সৈয়দপুর, নীলফামারী।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ হলরুগম
তারিখ	ঃ ০৩/০২/২১ ইং
সময়	ঃ ১২:০০ ঘটিকা

## উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভার সভাপতি জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী, উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভায় সদস্য সচিব অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা সভায় জানান যে, উপজেলা ০৫টি ইউনিয়নে বিভিন্ন অপরাধমূলক কাজ বন্ধের লক্ষে নিয়মিত টহল প্রদান চলমান রয়েছে। গরু চুরি, মটরসাইকেল চুরিসহ বিভিন্ন চুরি প্রতিরোধের জন্য সিডিকেটের মূল হোতাদের গ্রেফতারের চেষ্টা চলছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে রাতের বেলায় যাতে নেশার আড্ডা না বসতে পারে সে বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী সর্বদা সজাগ রয়েছে বলে তিনি সভায় উল্লেখ করেন। এছাড়া ইউনিয়নের চেয়ারম্যানগণ সভায় বলেন যে, ইউনিয়নের জুয়া, মাদকসহ নানারকম অপরাধ দমনে নিয়মি পুলিশি টহল জোরদার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।।

### সিদ্ধান্তঃ

- ১) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যাতে রাতের বেলা নেশার আড্ডা বসতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।
- ২) গরু চুরি প্রতিরোধে সজাগ থাকতে হবে।

৩) মাদক, জুয়া, ইভটিজিং, বাল্যবিবাহসহ বিভিন্ন সামাজিক সমস্যা এবং জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের বিষয়ে মসজিদের ইমামগণকে খুবায় বক্তব্য প্রদান করতে হবে।

৪) আইন-শৃঙ্খলা পরিস্থিতি রক্ষা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট পরিচালনা ও পুলিশি টহল অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আজমল হোসেন)

ভাইস-চেয়ারম্যান

ও

সভাপতি

আইন-শৃঙ্খলা বিষয়ক স্ট্যাডিং কমিটি  
সৈয়দপুর, নীলফামারী।